ঢাকা ওয়াসা

৩। ২০২৪-২৫ ইং অর্থ বছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার কপি।
৪। কাজের প্রাক্কলন।

বিষয়ঃ মডস জোন-১ এর আওতাধীন ৫ টি গভীর নলকূপের জন্য ফ্যান ক্রয় করন কাজ প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১:-

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মডস জোন-১ কর্তৃক পোস্তগোলা থেকে নরকপুর, মতিঝিল হতে বাসাবো, মানিকনগর, মান্ডা, কাজলা, যাত্রাবাড়ী পর্যন্ত এলাকায় পানি সরবরাহ করা হয়ে থাকে। উক্ত জোনের পানি সরবরাহ ব্যবস্থা ৯০ (নব্বই) টি গভীর নলকূপ এবং ৮ টি সুইপ চেম্বার (সারফেজ ওয়াটার) এর উপর নির্ভরশীল। উক্ত গভীর নলকূপগুলীর মধ্যে মান্ডা-৪, গ্রীন মডেল টাউন-২, খোলাইপাড়-১, বনশ্রী গার্ডেন এবং কমলাপুর সহ সর্বমোট ৫ টি গভীর নলকূপের ফ্যান নষ্ট। পাম্প হাউজে বিদ্যমান ভিএফডি থেকে নির্গত গরম বাতাসে পাম্প হাউজের তাপমাত্রা অতিরিক্ত মাত্রায় বৃদ্ধি পাওয়ায়, অতিরিক্ত গরমে অপারেটরদের ডিউটি করতে সমস্যা হচ্ছে। **জরুরী ভিত্তিতে গভীর নলকূপগুলীতে ফ্যান লাগানো প্রয়োজন।** সেই বিবেচনায় বর্তমান বাজার দর অনুযায়ী একটি প্রাক্কলন প্রস্তুত করা হলো। যাহার টাকার পরিমান দাড়িয়েছে ৳ ২৪,৭৫০.০০ (চব্বিশ হাজার সাতশত পঞ্চাশ) টাকা মাত্র (ক্রঃ নং-২)। বর্ণিত কাজের ব্যয়ভার মডস জোন-১ এর ২০২৪-২৫ ইং অর্থ বছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার ক্রমিক নং-H-3 খাত হতে নির্বাহ করা হবে। কাজ শেষে উক্ত টাকা ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে।

অনুচ্ছেদ ২:-

এমতাবস্থায়, উপর্যুক্ত বর্ণনার আলোকে মডস জোন-১ এর আওতাধীন ৫ টি গভীর নলকূপের জন্য ফ্যান ক্রয় করন কাজটি পি.পি.আর-২০০৮ এর ৮১/১ এর অনুসরনে অত্র বিভাগের অনুকূলে সরাসরি ক্রয় প্রক্রিয়ার মাধ্যমে সম্পাদনের জন্য ৳ ২৪,৭৫০.০০ (চব্বিশ হাজার সাতশত পঞ্চাশ) দশমিক শূন্য শূন্য টাকার প্রাক্কলনটি সদয় অনুমোদন দেয়া যেতে পারে। **প্রস্তাবিত কাজের প্রাক্কলন অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।**

স্মারক নং- ৮৬/জোন-১
তাং- ১০/০৬/২০২৫

AE   EE   SE/MOD C-1

১০/০৬/২৫
মোঃ মিজানুর রহমান
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-১
ঢাকা ওয়াসা।

১০/০৬/২৫
মোঃ মেহেদী হাসান
সহকারী প্রকৌশলী
মডস জোন-১, ঢাকা ওয়াসা।

১০/০৬/২৫
মোঃ আনোয়ার হোসেন
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-১
ঢাকা ওয়াসা

১২/০৬/২৫
মোঃ ফিরোজ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-১, ঢাকা ওয়াসা।

CE   অনু:-৬৩   অনুমোদিত

প্রকৌশলী মোঃ আবদুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।